

ফরম 'ক'
উপ-প্রবিধান ৭(২) দ্রষ্টব্য
বিশ্বস্ততা এবং গোপনীয়তা রক্ষার ঘোষণা

আমি.....এতদ্বারা ঘোষণা করিতেছি যে, আমি বিশ্বস্ততা ও সততার সহিত এবং আমার সাধ্যমত দক্ষতা, সামর্থ্য ও সুবিবেচনা অনুসারে বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালক/কারিগরী উপদেষ্টা কমিটির সদস্য/নিরীক্ষক/কর্মচারী হিসাবে এবং আমার পদের সহিত সংশ্লিষ্ট যে কোন বিষয়ে প্রয়োজনীয় কার্য সম্পাদন ও দায়িত্ব পালন করিব।

আমি আরও ঘোষণা করিতেছি যে, ব্যাংকের কার্যকলাপ বা উহার ব্যবসা সংক্রান্ত তথ্য পাইতে আইনানুগভাবে অধিকারী নহে এইরূপ কোন ব্যক্তিকে কোন তথ্য প্রদান করিব না বা উহা প্রদানের সুযোগ দিব না অথবা অনুরূপ কোন ব্যক্তিকে ব্যাংকের ব্যবসা সংক্রান্ত বা ব্যাংকের অধিকার বা দখলভুক্ত কোন বই বা দলিলপত্র পরিদর্শন করিতে বা উহার নাগাল পাইতে দিব না।

.....
কর্মচারীর স্বাক্ষর

ঘোষণাকারী আমার সম্মুখে উপরিউক্ত ঘোষণায় স্বাক্ষর দিয়াছেন :

উর্ধ্বতন কর্মকর্তার দস্তখত :

উর্ধ্বতন কর্মকর্তার পদবী, ঠিকানা ও সীল :

তারিখ :

(বাংলাদেশ গেজেট, অক্টোবর ২০, ১৯৮৮) :